গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
আইসিটি শাখা

# জেলা আইসিটি কমিটির আগষ্ট ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মো: আতাউল গনি<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৮ আগষ্ট ২০১৯ |
| সভার সময় | বেলা ১১.১৫ ঘটিকা। |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ''ক''। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মেহেরপুর গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | আলোচ্যসূচি/বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | সভাপতি ই-ফাইলিং এর কথা উল্লেখ করে বলেন বর্তমান সরকারের অন্যতম যুগান্তকারী পদক্ষেপ হলো ই-ফাইলিং যার মাধ্যমে সকল অফিসের দাপ্তরিক কার্যক্রম খুব দ্রুতগতিতে সম্পাদন করা সম্ভব। ফলে কম সময়ে সর্বোচ্চ সেবা দেয়া সম্ভব হচ্ছে। সহকারী কমিশনার (আইসিটি) উল্লেখ করেন এ কার্যালয়ের প্রায় শতভাগ কার্যক্রম ই-ফাইলিং এ সম্পাদিত হয়ে থাকে। সহকারী প্রোগামার বলেন জেলা পর্যায়ের প্রায় সকল সরকারি অফিস সমূহকে ই-ফাইলিং এর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এবং এ সংক্রান্ত সকল সমস্যার সমাধান দেয়া হচ্ছে। সকল দাপ্তরিক কাজ ই-ফাইলিং নিষ্পত্তি করার জন্য সভাপতি সকলকে আহবান জনান। | সকল দাপ্তরিক কাজ ই-ফাইলিং এ করার ব্যবস্থা গ্রহণ করা। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী প্রোগ্রামার (সকল), স্ব স্ব দপ্তর প্রধানগণ, মেহেরপুর। |
| ২.২ | সরকারি দপ্তরে ই-মেইল ব্যবহারের নির্দেশনা থাকলেও অনেক ক্ষেত্রে দেখা যায় যে, কর্মকর্তাগণ চিঠিপত্র আদান প্রদানের ক্ষেত্রে নিজস্ব ই-মেইল ব্যবহার করে থাকেন। যা কাম্য নয়। এ ক্ষেত্রে অবশ্যই দাপ্তরিক ই-মেইল ব্যবহার করতে হবে। প্রয়োজনে ই-মেইল ব্যবহারের নীতিমালার সহায়তা নিতে হবে। | সরকারি ই-মেইল ব্যবহার নিশ্চত করতে হবে | সকল দপ্তর প্রধান এবং উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর |

<table>
<tr>
<td>২.৩</td>
<td>ডিজিটাল বাংলাদেশ বির্নিমাণে জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুম থেকে জনগণের আবেদনের প্রেক্ষিতে দ্রুততম সময়ের মধ্যে জমির পর্চা/নকলের সার্টিফাইড কপি নিতে যাতে বিলম্ব ও হয়রানির শিকার না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখা প্রয়োজন। সংশ্লিষ্ট ইউডিসি থেকে অনলাইনে আবেদন করে অল্প খরচে জমির পর্চা/নকল উত্তোলন কার্যক্রমকে শতভাগ সফল করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), মেহেরপুর ও এ কার্যালয়ের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। দেশের প্রন্তিক জনগোষ্ঠি যাতে সহজেই ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে সর্বোচ্চ সেবা পাই সেই জন্য সকলকে এক যোগে কাজ করার জন্য সভাপতি অনুরোধ করেন।</td>
<td>ইউনিয়ন ডিজিটাল সেন্টারকে টেকসই করতে সংশ্লিষ্ট সকলকে অগ্রণী ভূমিকা রাখতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট (সকল)।</td>
</tr>
<tr>
<td>২.৪</td>
<td>জাতীয় তথ্য বাতায়নের অন্যতম প্রান্তিক কেন্দ্রবিন্দু হলো ইউনিয়ন ডিজিটাল সেন্টার। যার কার্যক্রমকে সচল ও বেগবান করা এবং এর মাধ্যমে জনসাধারণকে উপযুক্ত সেবাধর্মী উদ্ভাবনীমূলক কার্যক্রম গ্রহণ এবং এ কার্যক্রমে আয় ও সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি করতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা পদ শূন্য হওয়ামাত্র উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের মনিটরিং টুলে শতভাগ আপলোড নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সহকারী প্রোগ্রামারদের নির্দেশনা দেয়া হয়। জুলাই/২০১৯ মাসের ইউডিসি পরিদর্শন সংক্রান্ত তথ্যাদি নিম্নরুপঃ
<table>
<tr><td>কর্মকর্তা</td><td>পরিদর্শন</td><td>দর্শন</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>জেলা প্রশাসক</td><td>-</td><td>২</td><td></td></tr>
<tr><td>উপপরিচালক, স্থানীয় সরকার</td><td>১</td><td>২</td><td></td></tr>
<tr><td>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)</td><td>২</td><td>১</td><td></td></tr>
<tr><td>উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর</td><td>১</td><td>১</td><td></td></tr>
<tr><td>উপজেলা নির্বাহী অফিসার, গাংনী</td><td>১</td><td>১</td><td></td></tr>
<tr><td>উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর</td><td>১</td><td>১</td><td></td></tr>
</table>
</td>
<td>ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সংশিষ্ট সকলকে ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।</td>
<td>উপপরিচালক, স্থানীয় সরকার, মেহেরপুর/ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মেহেরপুর; উপজেলা নির্বাহী অফিসার (সকল) মেহেরপুর; সহকারী প্রোগ্রামার (সকল), মেহেরপুর।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | বিসিসি হতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের পরিস্থিতি সম্পর্কে জেলা শিক্ষা অফিসার, মেহেরপুরের নিকট জানতে চাইলে তিনি জানান, কম্পিউটার ল্যাবের কম্পিউটার গুলোতে বিভিন্ন ধরণের সমস্যা পরিলক্ষিত হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিদর্শনের সময় যে সকল কম্পিউটার হার্ডওয়ারসহ অন্যান্য সমস্যা রয়েছে সেগুলো সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণকে মেরামত এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসার, মেহেরপুরকে অনুরোধ করা হয়। সভাপতি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের পরিদর্শন প্রতিবেদন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসারগণের নিকট হতে | বিসিসি কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের যে কোন সমস্যা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণ মেরামত এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ সহকারী প্রোগ্রামার (সকল) মেহেরপুর। |

সংগ্রহ করে উক্ত প্রতিবেদন সমন্বয় করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য জেলা শিক্ষা অফিসার, মেহেরপুরকে অনুরোধ করেন। সহকারী কমিশনার (আইসিটি) মেহেরপুর জুলাই/২০১৯ মাসের কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শনের সংক্রান্ত পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন এবং সভায় এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিদর্শন সংক্রান্ত পরিসংখ্যান নিম্নরুপ।

| কর্মকর্তা | পরিদর্শন সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|
| | কম্পিউটার ল্যাব | মাল্টিমিডিয়া ক্লাসরুম | |
| জেলা প্রশাসক | ২ | ২ | |
| অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | ২ | ১ | |
| উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর | ১ | ১ | |
| উপজেলা নির্বাহী অফিসার, গাংনী | ১ | ১ | |
| উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর | ১ | ১ | |
| জেলা শিক্ষা অফিসার | ১ | ১ | |

<table>
<tr><td>২.৬</td><td>সভাপতি প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করে সভার কার্যবিবরণী প্রতিমাসের ০১ তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করেন। জুলাই/২০১৯ মাসে উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক কমিটির অনুষ্ঠিত সভার পরিসংখ্যান নিম্নরূপ:<br><table><tr><td>উপজেলা</td><td>অনুষ্ঠিত সভার সংখ্যা</td><td>মন্তব্য</td></tr><tr><td>মেহেরপুর সদর</td><td>১</td><td></td></tr><tr><td>গাংনী</td><td>১</td><td></td></tr><tr><td>মুজিবনগর</td><td>১</td><td></td></tr></table></td><td>প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা করে কার্যবিবরণী জেলায় প্রেরণ করতে হবে।</td><td>উপজেলা নির্বাহী অফিসার (সকল) মেহেরপুর।</td></tr>
<tr><td>২.৭</td><td>সরকারি দপ্তরে কর্মকর্তা/কর্মচারিদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আরও দক্ষ করে তুলতে হবে। সভাপতি বলেন ভবিষ্যতে আইসিটি সম্পর্কে জ্ঞান না থাকলে সরকারি চাকরি করা সম্ভব হবে না। কারন সকল সেবা কম্পিউটারের মাধ্যমে প্রদান করা হবে। এ বিষয়ে সহকারি প্রোগ্রামারদের সহায়তা নেয়া যেতে পারে।</td><td>সরকারি কর্মকর্তা/কর্মচারিদের নিয়মিত আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে।</td><td>সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান মেহেরপুর।</td></tr>
<tr><td>২.৮</td><td>জনসেবায় ফেসবুক ব্যবহার সংক্রান্ত বিষয়ে সভাপতি বলেন ফেসবুক দেশের অন্যতম সামাজিক যোগাযোগ মাধ্যম। যার ফলে সকল তথ্য পাওয়া সম্ভব হচ্ছে। সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৬ এর আলোকে সঠিক ফেসবুক পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের সামজিক যোগাযোগ সাবমেনুতে সংযুক্ত করার নির্দেশনা রয়েছে।</td><td>সকল দপ্তরের ফেসবুক পেজ খুলতে পেজ খুলতে এবং উক্ত পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের সামাজিক যোগাযোগ সাব-মেনুতে সংযুক্ত করার বিষয় টি নিশ্চত করতে হবে।</td><td>স্ব-স্ব দপ্তর প্রধান এবং সহকারি প্রোগ্রামার, মেহেরপুর</td></tr>
<tr><td>২.৯</td><td>সভায় উপযুক্ত বিষয়গুলো ছাড়াও আইসিটি সংক্রান্ত সকল বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাগণকে আইসিটির ব্যবহার ও এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ কে সচেতন করার বিষয়ে অনুরোধ করা হয়।</td><td>নিয়মিত আইসিটি বিষয়ে তদারকি ও কর্মকর্তা/কর্মচারীগণ কে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তুলতে হবে।</td><td>সংশ্লিষ্ট (সকল)।</td></tr>
</table>

আর কোন আলোচনা না থাকায় ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আতাউল গনি
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০২৩.০৬.০০২.১৬.৯৩ তারিখ: ৫ ভাদ্র ১৪২৬

২০ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) আইসিটি কমিটি, আইসিটি অধিদপ্তর, ঢাকা
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৫) পুলিশ সুপার, মেহেরপুর
৬) সিভিল সার্জন, মেহেরপুর
৭) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
৮) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর।
৯) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর
১০) অধ্যক্ষ, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর
১১) অধ্যক্ষ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, মেহেরপুর।
১২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, মেহেরপুর
১৩) অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মেহেরপুর।
১৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মেহেরপুর
১৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর



মো: আতাউল গনি
জেলা প্রশাসক